গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

স্মারক নং-৪৪.০৪.০০০০.০২৭.০২.০৬৫.২৫-১৭৭৫

তারিখ: ০৩ পৌষ ১৪৩২ / ১৮ ডিসেম্বর ২০২৫

বিষয় : **কারাগারে আগত দর্শনার্থীদের জন্য দৃশ্যমান স্থানে অভিযোগ বাক্স স্থাপন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কারাগারে বাহির থেকে আগত দর্শনার্থীদের (যেমন- বন্দিদের স্বজন, আইনজীবী ও অন্যান্য অনুমোদিত দর্শনার্থী) অভিযোগ গ্রহণের জন্য একটি কার্যকর ও স্বচ্ছ ব্যবস্থা থাকা প্রয়োজন। কারাগারে সেবা প্রদান প্রক্রিয়ায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও শৃঙ্খলা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধ করা হলো:

ক. প্রতিটি কারাগারে বাহির থেকে আগত দর্শনার্থীদের জন্য দৃশ্যমান ও সহজপ্রাপ্য স্থানে প্রয়োজনীয় সংখ্যক অভিযোগ বাক্স স্থাপন;

খ. অভিযোগ বাক্সসমূহ এমন স্থানে স্থাপন করা, যাতে দর্শনার্থীরা নির্বিঘ্নে ও ভয়ভীতিহীনভাবে অভিযোগ প্রদান করতে পারেন;

গ. অভিযোগ বাক্সের নিরাপত্তা ও গোপনীয়তা নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

ঘ. অভিযোগ বাক্স নিয়মিত খোলা, প্রাপ্ত অভিযোগসমূহ লিপিবদ্ধকরণ ও নিষ্পত্তির ক্ষেত্রে কারা বিধি ও কারা অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ।

২। স্ব স্ব কারাগারে স্থাপিত অভিযোগ বাক্সের সংখ্যা ও অবস্থান উল্লেখপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

১৮/১২/২০২৫
মোঃ জাহাঙ্গীর কবির
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক।
☎- ০১৭৬৯-৯৭০০০৩ (দপ্তর)

সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ।
২। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৩। উপ সহকারী কারা মহাপরিদর্শক, অপারেশন শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পিআইইউ/আইসিটি সেল (ওয়েব সাইটে প্রকাশের জন্য), কারা অধিদপ্তর, ঢাকা।
৫। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক (প্রশাসন ও অর্থ/ অপারেশন ও প্রশিক্ষণ/বন্দি ব্যবস্থাপনা)/কারা উপ-মহাপরিদর্শক এর সদয় অবগতির জন্য।